



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৪.২০.২১৪

তারিখ: ২০ আষাঢ়. ১৪২৭

০৪ জুলাই ২০২০

বিষয়: যোগিরকান্দা মহিলা মহাবিদ্যালয়ের প্রভাষক, ইংরেজী মো: আবুল কালাম আজাদ কে চাকুরীতে পূর্ণবহালসহ বেতনভাতাদি পরিশোধ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার উজিরপুর উপজেলাধীন যোগিরকান্দা মহিলা মহাবিদ্যালয়ের প্রভাষক (ইংরেজী) জনাব মো: আবুল কালাম আজাদকে পূর্ণবহালপূর্বক বকেয়াসহ বেতন ভাতা পরিশোধ করার জন্য জনাব মো: আবুল কালাম আজাদ আবেদন করেন।

বরিশাল জেলার উজিরপুর উপজেলাধীন যোগিরকান্দা মহিলা মহাবিদ্যালয়ের প্রভাষক (ইংরেজী) জনাব মো: আবুল কালাম আজাদ পূর্ববর্তী চাকুরী থেকে অপসারণের তথ্য গোপন এবং প্রিলিমিনারি মাস্টার্সে ৩য় শ্রেণি অর্জন করলে জালিয়াতির মাধ্যমে ২য় শ্রেণি স্থাপনপূর্বক অবৈধ উপায়ে বেতনাদি গ্রহণ করায় জনাব মো: আবুল কালাম আজাদ, প্রভাষক (ইংরেজী) কে চাকরি থেকে বরখাস্তসহ তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে নির্দেশ দেয়া হয়। বিষয়টি অত্র অধিদপ্তরের সহকারী পরিচালক (সেসিপ-মাধ্যমিক উইং) কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার মতামত অনুযায়ী জনাব মো: আবুল কালাম আজাদ ইনডেক্স নং-৪৩৭৩৩৫, প্রভাষক (ইংরেজী) এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং এমপিও বিধি সম্মত ছিল না বিধায় তার এমপিও কর্তনপূর্বক গত ০১/১০/১৯৯৯ তারিখ থেকে চলমান সময় পর্যন্ত উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করত: তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। জানুয়ারী/২০১৮ মাসে তার নাম কর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়।


জনাব মো: আবুল কালাম আজাদ ইনডেক্স নং-৪৩৭৩৩৫, প্রভাষক (ইংরেজী) উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে মোকাম বরিশালের উজিরপুর সহকারী জজ আদালতের দেং মোং ২৫/২০১৮ নং মোকদ্দমা আনয়ন করিলে উক্ত মোকদ্দমায় বিজ্ঞ আদালত প্রাথমিক ভাবে তার বিরুদ্ধে আনীত অভিযোগের অ সত্যতা বিষয়ে জ্ঞাত হয়। তিনি ২২/০৫/২০১৮খ্রি. তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭২. ৩১.০০৭.১৫/৬৯৪; তাং-০৬/০৮/২০১৭ এবং মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে নিষ্পত্তিকৃত ৩৬৫৭/১৫ নং রিট পিটিশনের ভিত্তিতে বকেয়া বেতন-ভাতা প্রাপ্তির জন্য বিজ্ঞ আদালতে প্রার্থনা করেন। বিজ্ঞ উজিরপুর সহকারী জজ আদালত এর বিচারক তাকে বকেয়াসহ বেতন ভাতাদি পরিশোধ করার জন্য ১১/০৬/২০১৮খ্রি. তারিখে নির্দেশ দেন।

সে প্রেক্ষিতে তিনি ০১/০১/২০১৮ তারিখ হতে অদ্য পর্যন্ত তাকে পূর্ণবহালপূর্বক তাকে বকেয়াসহ বেতন ভাতা পরিশোধ করার জন্য আবেদন করেছেন।

আইন শাখার মতামত: বরিশাল জেলার উজিরপুর উপজেলাধীন যোগিরকান্দা মহিলা মহাবিদ্যালয় এর সাময়িক বরখাস্তকৃত প্রভাষক (ইংরেজী) জনাব মো: আবুল কালাম আজাদ বেতন-ভাতা বন্ধের বিরুদ্ধে উজিরপুর সহকারী জজ আদালত, বরিশাল - এ দেওয়ানী মোকদ্দমা নং - ২৫/২০১৮ দায়ের করেন। উক্ত মামলাটি এখনো বিচারাধীন রয়েছে বিধায় তাকে পুনরায় এমপিওভুক্তসহ বকেয়া বেতন প্রদান করার সুযোগ নেই।

উক্ত মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দিতা করার জন্য জেলা শিক্ষা অফিসার, বরিশাল এবং সশ্লিষ্ট কলেজের অধ্যক্ষকে পত্র প্রেরণ করা যেতে পারে।

এমতাবস্থায়, আইন শাখার মতামত অনুযায়ী দেওয়ানী মোকদ্দমা নং- ২৫/২০১৮ মামলাটি এখনো বিচারাধীন রয়েছে বিধায় জনাব মো: আবুল কালাম আজাদ, প্রভাষক, ইংরেজি কে পুনরায় এমপিওভুক্তসহ বকেয়া বেতন প্রদান করার সুযোগ নেই। অতএব, উক্ত মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৪-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :


- ১) অধ্যক্ষ, যোগিরকান্দা মহিলা মহাবিদ্যালয়, উজিরপুর, বরিশাল
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বরিশাল

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৪.২০.২১৪/১(৪)

তারিখ: ২০ আষাঢ়, ১৪২৭
০৪ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সভাপতি,, যোগিরকান্দা মহিলা মহাবিদ্যালয়, উজিরপুর, বরিশাল
- ২) শিক্ষা অফিসার-১, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (পত্রটি মাউশির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪) মো: আবুল কালাম আজাদ, প্রভাষক, ইংরেজী, যোগিরকান্দা মহিলা মহাবিদ্যালয়, উজিরপুর, বরিশাল



৪-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক